



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
পোরশা, নওগাঁ।
e-mail : useoporsha@gmail.com



স্মারক নং-উমাশিঅ/পোরশা/২০২২- ১১৫

তারিখ : ০৮/০৫/২০২২খ্রিঃ।

বিষয় : জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ এর বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ৩৭.০২.০০০০.০৬২.৮০.০১.১৮/এ-৬৭ তারিখ : ২৭ এপ্রিল/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯ মে বৃহঃপ্রতিবার ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টায় নিতপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজে উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ এর প্রতিযোগিতাসমূহ অনুষ্ঠিত হবে। উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহের নিম্নে উল্লেখিত প্রতিযোগিতায় প্রতি গ্রুপে প্রতি বিষয়ে একজন করে প্রতিযোগির নাম প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি 'ক' গ্রুপ, ৯ম থেকে ১০ম 'খ' গ্রুপ, ১১শ থেকে ১২শ 'গ' গ্রুপ এবং ১৩শ থেকে ১৭শ 'ঘ' গ্রুপ)। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়; জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবে। এমতাবস্থায় তাঁর প্রতিষ্ঠানের নিম্নলিখিত বিষয়ের উপর প্রতিযোগিতা শিক্ষা প্রতিষ্ঠানে ১১ থেকে ১২ মে, ২০২২ এর মধ্যে সম্পন্ন করে প্রতি গ্রুপে প্রতি বিষয়ে একজন করে শ্রেষ্ঠ প্রতিযোগিকে উপজেলা পর্যায়ে পাঠাতে হবে। বিজয়ী প্রতিযোগির তালিকা আগামী ১৬/০৫/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই প্রেরণ করতে হবে।

প্রতিযোগিতার বিষয় সমূহ : (১) কেরাত, (২) হামদ/নাত, (৩) রচনা প্রতিযোগিতা(বাংলা) (বিষয় : অনির্ধারিত বিচারক তাৎক্ষনিক ভাবে নির্ধারন করবেন, সময় : ৩০ মিনিট), (৪) রচনা প্রতিযোগিতা (ইংরেজী)(৫) ইংরেজী বক্তব্য(১১শ থেকে ১২শ 'গ' গ্রুপ এবং ১৩শ থেকে ১৭শ 'ঘ' গ্রুপ) (৬) বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত), (৭) বিতর্ক প্রতিযোগিতা (একক), (৮) দেশাত্মবোধক গান, (৯) রবীন্দ্র সঙ্গীত, (১০) নজরুল সঙ্গীত, (১১) উচ্চাঙ্গ সঙ্গীত, (১২) লোক সঙ্গীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি), (১৩) জারীগান (দলভিত্তিক), (১৪) নির্ধারিত বক্তৃতা (জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান) (১৫) নৃত্য (উচ্চাঙ্গ) ও (১৬) লোক নৃত্য।

এছাড়াও (১) একজন শ্রেষ্ঠ শিক্ষার্থী, (২) একজন শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক সংযুক্ত নির্দেশিকা মোতাবেক নির্বাচন করে পাঠাতে হবে। উল্লেখ্য উপজেলা পর্যায়ে (১) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান,(২) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন, (৩) শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্ল গাইড, শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ বি.এন.সি.সি নির্বাচন, (৪) শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ, শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ নির্বাচন, (৫) শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইড শিক্ষক, শ্রেষ্ঠ রোভার শিক্ষক, শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক নির্বাচন ক্ষেত্রে তাঁর প্রতিষ্ঠানের তথ্য সংযুক্ত নির্দেশিকা মোতাবেক একই তারিখে পাঠাতে হবে।


বিষয়টি অতীব জরুরী।

বি.দ্র. জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ এর নির্দেশনা প্রতিষ্ঠানের মেইলে দেওয়া আছে। প্রয়োজনে হার্ডকপি অত্র কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,------(সকল)

মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসা। পোরশা, নওগাঁ।


মোঃ ওয়াজেদ আলী মুধা
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
পোরশা, নওগাঁ।
ফোন : ০২৫-৮৮৮৮৮৪৬১৪

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ।
- ২। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।